দৈনিক ইত্তেফাক

তারিখ 27 DEC 1992
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৩ ...

07

## পরীক্ষার ফল বাতিলের প্রতিবাদে বদরগঞ্জে হরতাল পালন

রংপুর সংবাদদাতা ।। বদরগঞ্জ কলেজের ডিগ্রী পরীক্ষার ফল বাতিলের প্রতিবাদে পরীক্ষার্থীদের আহ্বানে গতকাল (শনিবার) বদরগঞ্জ থানা এলাকায় অর্ধ

(শেষ পৃঃ ২-এর কঃ দ্রঃ)

## পরীক্ষার ফল

( ১ম পৃঃ পর )

দিবস হরতাল পালিত হয়। হরতাল শেষে বদরগঞ্জ কলেজ মাঠে ছাত্রদের এক সমাবেশে অবিলম্বে ফল প্রকাশ ও বদরগঞ্জে ডিগ্রী পরীক্ষা কেন্দ্র পুনঃ স্থাপনের দাবী জানানো হয়। বদরগঞ্জ এলাকার সংসদ সদস্য পরিতোষ চক্রবর্তী এক বিবৃতিতে বলেন, রাজশাহী বিশ্ববিদ্যালয়ের অধীন বদরগঞ্জসহ ১০টি কলেজের ডিগ্রী পরীক্ষার ফল বাতিল ঘোষণা অমানবিক কাজ। অবিলম্বে তিনি এই সকল কলেজের ডিগ্রী পরীক্ষার ফল প্রকাশের জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের নিকট দাবী জানান।

### আগামীকাল রংপুরে হরতাল

রংপুর সংবাদদাতা ॥ গত বুধবার ডিগ্রী পরীক্ষা কেন্দ্র বাতিল সিদ্ধান্ত প্রত্যাহার কমিটি আয়োজিত এক সংবাদ সম্মেলনে বাতিলকৃত ১০টি পরীক্ষাকেন্দ্রে আবার ডিগ্রী পরীক্ষা অনুষ্ঠানের অনুমোদন দেওয়ার জন্য রাজশাহী বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের প্রতি অনুরোধ জানানো হয়। পরীক্ষা কেন্দ্র বাতিলের সিদ্ধান্ত প্রত্যাহারের দাবীতে আগামীকাল (সোমবার) রংপুরে অর্ধদিবস হরতাল আহ্বান করা হয়।